



উরুগুয়ের সঙ্গে ড্র করে বিশ্বকাপ শুরু সৌদি আরবের



ছবি: সংগৃহীত

মায়ামিতে অনুষ্ঠিত উত্তেজনাপূর্ণ ম্যাচে সৌদি আরবের বিপক্ষে ১-১ গোলে ড্র করেছে উরুগুয়ে। দীর্ঘ সময় পিছিয়ে থাকার পর ম্যাচের ৮০ মিনিটে মাক্সিমিলিয়ানো আরাউহোর গোলে সমতায় ফেরে দুইবারের বিশ্বচ্যাম্পিয়নরা।

প্রথমার্ধে সৌদি আরবই এগিয়ে যায়। ৪১ মিনিটে কর্নার থেকে আসা বলে উরুগুয়ের গোলরক্ষকের ভুলের সুযোগ নিয়ে কাছ থেকে জালে বল পাঠান আবদুলেলাহ আল-আমরি। তার গোলে ১-০ ব্যবধানে এগিয়ে থেকে বিরতিতে যায় সৌদি দল।

বিরতির পর গোল শোধে মরিয়া হয়ে ওঠে উরুগুয়ে। একের পর এক আক্রমণ চালিয়েও সৌদি রক্ষণভাগ ভাঙতে পারছিল না তারা। তবে ৮০ মিনিটে আরাউহো সুযোগ কাজে লাগিয়ে সমতাসূচক গোল করেন।

এর ফলে শেষ পর্যন্ত ১-১ গোলার সমতায় ম্যাচ শেষ হয়। শক্তিশালী উরুগুয়ের বিপক্ষে মূল্যবান এক পয়েন্ট নিয়ে মাঠ ছাড়ে সৌদি আরব।

